

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৬৪১.১৯ নথির বিষয়: স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।

নোট: ৭ নোটের বিষয়: ঢাকা ওয়াসায় কর্মরতদের জন্য “স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত”-শীর্ষক ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৭.০ - তারিখঃ ৬/৯/২৬ ২:০৪ অপরাহ্ন

বিবেচ্য বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থ বছরের জন্য প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত”-শীর্ষক ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালা অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য ঢাকা ওয়াসায় কর্মরত আয়করের আওতাভুক্ত ১২৫ (একশত পঁচিশ) জন কর্মচারীর খসড়া তালিকা (সংযুক্তি-১) প্রস্তুত করা হয়েছে। কর্মচারীগণ যাতে আয়করের নিয়মকানুন, বিধিবিধান সম্পর্কে জ্ঞান লাভ এবং অনলাইনে নিজেদের রিটার্ন ফরম পূরণ ও দাখিল করতে পারেন সে নিরীখে খসড়া কর্মশালার প্রোগ্রাম (সংযুক্তি-২) প্রণয়ন করা হয়েছে। একদিন মেয়াদী উক্ত ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালা যথাক্রমে ০১, ০৬, ১১, ১৪ ও ১৮ অক্টোবর তারিখ অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ১২৫ (একশত পঁচিশ) জন অংশগ্রহণকারীর মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থীকে যৌক্তিক কোন কারণে পরিবর্তনের প্রয়োজন হলে অথবা কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। পূর্ণদিবসব্যাপী উক্ত ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালার প্রত্যেকটিতে ঢাকা ওয়াসার নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তা বক্তা হিসেবে সেশন পরিচালনা করবেনঃ

০১। জনাব মোঃ মিজানুল হক, উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ), ঢাকা ওয়াসা

০২। জনাব মোঃ সালেকুর রহমান, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, একাউন্টস ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা।

উল্লেখ্য, জনাব মোঃ সালেকুর রহমান, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ডের একজন নিবন্ধিত Income-Tax Practitioner.

সংযুক্তিসমূহ (২):

১। PPS List.pdf

২। Programme.pdf

অনুচ্ছেদ ৭.১ - তারিখঃ ৬/৯/২৬ ২:০৫ অপরাহ্ন

১২৫ জনের জন্য পূর্ণদিবসব্যাপী উক্ত ০৫ (পাঁচ)টি প্রশিক্ষণ কর্মশালা সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৯৯,০০০/-	(৩ সেশন ৩৬০০/- হারে + ৩ সেশন ৩,০০০/- টাকা হারে)× ৫ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৮৫,০০০/-	১ম ও ২য় ব্যাচের ৫০ জন ৮০০/- হারে ১ দিন+ ৩য়, ৪র্থ ও ৫ম ব্যাচের ৭৫ জন ৬০০/- হারে ১ দিন
(গ) কোর্স পরিচালকের সম্মানী	১০,০০০/-	(২,০০০/- টাকা হারে ১ দিন)× ৫ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৭,৫০০/-	(১,৫০০/- টাকা হারে ১ দিন)× ৫ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১০,০০০/-	(২ জন ১,০০০/- টাকা হারে ১ দিন)× ৫ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৮৭,০০০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩০ জন ৫৮০/- টাকা হারে×১ দিন) × ৫ ব্যাচ
(ছ) পানি	৪,২০০/-	(আধা লিটার ৭ কেস ১২০/- টাকা হারে ১ দিন)×৫ ব্যাচ
(জ) ব্যাগ, নোটবুক ও কলম	৫৬,২৫০/-	পাঁচ ব্যাচের ১২৫ সেট ৪৫০/- টাকা হারে)
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	২০,০০০/-	পাঁচ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৩,৭৮,৯৫০/-	(কথায়ঃ টাকা তিন লক্ষ আটাত্তর হাজার নয়শত পঞ্চাশ মাত্র)

অনুচ্ছেদ ৭.২ - তারিখঃ ৬/৯/২৬ ২:০৬ অপরাহ্ন

এমতাবস্থায়, ০৫ (পাঁচ) প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য ১২৫ (একশত পঁচিশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মশালার প্রোগ্রাম, প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৩,৭৮,৯৫০/- (টাকা তিন লক্ষ আটাত্তর হাজার নয়শত পঞ্চাশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমান টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ কর্মশালা সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

৬/৯/২৬ ২:০৭ অপরাহ্ন
মোসা: নাসরিন খাতুন
অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি
অপারেটর
প্রশিক্ষণ কেন্দ্র

৬/৯/২৬ ২:১০ অপরাহ্ন
মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

৬/৯/২৬ ২:১৫ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

৭/৯/২৬ ৮:৫৯ পূর্বাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১০/৯/২৬ ৩:৫০ অপরাহ্ন
ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

১০/৯/২৬ ৬:০১ অপরাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১৩/৯/২৬ ১১:১৯ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

১৩/৯/২৬ ১১:৪২ পূর্বাহ্ন
মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

১৩/৯/২৬ ১২:৫৩ অপরাহ্ন
মোসা: নাসরিন খাতুন
অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি
অপারেটর
প্রশিক্ষণ কেন্দ্র